

অনুষ্ঠানে নাম: আমেরিকার রাজনীতি
রেকর্ডিং: ১২ মার্চ ২০১৭ রাত সাড়ে ৮ টায় (রবিবার)
পর্ব ১৬

স্বাগত:

দর্শক, বিশ্বের সম-সাময়িক রাজনীতির বিভিন্ন বিষয় নিয়ে ভয়েস অফ আমেরিকা ও আরটিভির যৌথ অনুষ্ঠান আমেরিকার রাজনীতিতে স্বাগত জানাচ্ছি আমি সৈয়দ আশিক রহমান। আজকের বিষয়: মার্কিন অভিবাসন নীতির সংশোধন। এ বিষয়ে আলোচনার জন্য স্টুডিওতে রয়েছেন:

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগি
অধ্যাপক সাহাব এনাম খান

এবং

সিনিয়র সাংবাদিক মঈনুল আলম।

আপনাদের দু'জনকেই আমন্ত্রণ আরটিভি স্টুডিওতে। অনুষ্ঠানের শুরুতেই দেখে নিই ভয়েস অফ আমেরিকার ওয়াশিংটন ডিসি স্টুডিও থেকে পাঠানো আরটিভির জন্য সাক্ষাতকার।

... ..

ধন্যবাদ রোকেয়া হায়দার। ফিরছি আরটিভির আলোচনায়।

... ..

প্রফেসর সাহাব এনাম আপনাকে দিয়ে শুরু করতে চাই।

০১. আলোচনাতেই যেমনটি দেখছিলাম মার্কিন প্রসাশনের অভিবাসননীতির কিছুটা সংশোধন। এই যেমন, তালিকা থেকে ইরাককে বাদ দেয়া। এই প্রেক্ষাপটকে কীভাবে মূল্যায়ন করবেন?

০২. মঈনুল আলম: গেলো শুক্রবার ট্রাম্পের ভ্রমণ নিষেধাজ্ঞাও আটকে দিলো দেশটির ফেডারেল আদালত। এর মাধ্যমে

বিতর্কিত নির্বাহি আদেশ নিয়ে যে শঙ্কা ছিলো, সেগুলো কী দূর হতে যাচ্ছে?

বিরতি:

দর্শক, দেখছেন ভয়েস অফ আমেরিকা ও আরটিভির যৌথ অনুষ্ঠান আমেরিকার রাজনীতি। এই পর্যায়ে নিচ্ছি বিরতি, ফিরছি একটু পরেই। সে পর্যন্ত আমাদের সঙ্গেই থাকুন।

ওয়েলকাম ব্যাক:

দর্শক, আবারো আমন্ত্রণ আমেরিকার রাজনীতি অনুষ্ঠানে। কথা বলছি মার্কিন অভিবাসন নীতির সংশোধন নিয়ে। বিরতির পর দুজনকে আবারো আমন্ত্রণ আরটিভি স্টুডিওতে।

০১. **অধ্যাপক সাহাব এনাম:** নতুন প্রশাসনের ক্ষমতাপ্রাপ্তির পরেই রদবদল নিয়ে যে আশঙ্কা ছিলো, সেগুলোর কিছুটা বাস্তবায়ন শুরু হয়েছে ইতিমধ্যেই। এই যেমন ওবামা সময়ের নিয়োগ পাওয়া ৪৬ জন প্রধান ফেডারেল প্রসিকিউটরের পদত্যাগ। আর বিশেষ কী পরিবর্তন আসন্ন?

০২. **মাঈনুল আলম:** সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন পরিচয় সংকট নিয়ে নিজের আশংকার কথা জানিয়েছেন। বিশেষ করে যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যের মতো দেশগুলোতে জাতীয়তাবাদী মনোভাবের উত্থান নিয়ে শঙ্কা জানিয়েছেন। তাহলে কী ভবিষ্যতে বিভাজনের রাজনীতি আরো স্পষ্ট হতে যাচ্ছে?

০৩. অনুষ্ঠান শেষ করবো, মাহমুদ আব্বাসকে হোয়াইট হাউসের আমন্ত্রণের বিষয়টি নিয়ে। ট্রাম্প এবং আব্বাসের কথোপকথনে ফিলিস্তিন-ইসরায়েলের মধ্যে প্রকৃত শান্তি প্রতিষ্ঠায় কাজ করার আশ্বাস দিয়েছেন। এর মধ্য দিয়ে বহুল প্রত্যাশিত দ্বি জাতি তত্ত্বের কোন সম্ভাবনা দেখছেন কী?

ক্লোজিং: দর্শক, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত ভ্রমণ নিষেধাজ্ঞার সংশোধিত সংস্করণ আদালতে প্রথম বড় ধরনের বাধার মুখোমুখি হলো। এ বিষয়ে সরকারের একটি নির্দেশনা দেশটির ফেডারেল আদালতের একজন বিচারক আটকে দেন। তবে সামনের দিনগুলোতে শুধু অভিবাসী ইস্যুই নয়, মধ্যপ্রাচ্যসহ আরো বেশ কিছু বিষয়ে ট্রাম্পের মনোভাবের দিকে তাকিয়ে বিশ্ববাসী। আগামী দিনের সে পদক্ষেপ ইতিবাচক হবে, সে প্রত্যাশায় শেষ করছি আজকের অনুষ্ঠান। এতক্ষণ সঙ্গে থাকার জন্য ধন্যবাদ সবাইকে।